



সোনালী ব্যাংক লিমিটেড
প্রধান কার্যালয়, ঢাকা।

পল্লী ঋণ বিভাগ

কুরিয়ার যোগে

প্রধান কার্যালয় পরিপত্র নং-৫০৪

পল্লী ঋণ বিভাগ পরিপত্র নং-২৪

তারিখ ১৫ শ্রাবণ, ১৪২০
৩০ জুলাই, ২০১৩

জেনারেল ম্যানেজার/
ডেপুটি জেনারেল ম্যানেজার/এসিস্ট্যান্ট জেনারেল ম্যানেজার
প্রধান কার্যালয়ের সংশ্লিষ্ট বিভাগ/
সকল জেনারেল ম্যানেজার'স অফিস/লোকাল অফিস/
প্রিন্সিপাল অফিস/রিজিওনাল অফিস/
কর্পোরেট শাখা/ষ্টাফ কলেজ/
সকল ট্রেনিং সেন্টার/ম্যানেজার সকল শাখা/
সকল অডিটর, সিনিয়র অডিটর/আইওবি/
সোনালী ব্যাংক লিমিটেড
বাংলাদেশ।

বিষয়ঃ ২০১৩-২০১৪ অর্থবছরে কৃষি/পল্লী ঋণের বিভিন্ন কর্মসূচীতে ঋণ বিতরণ লক্ষ্যমাত্রা প্রদান এবং ঋণ বিতরণ সংক্রান্ত নীতিমালা/নির্দেশাবলী প্রসঙ্গে।

সোনালী ব্যাংক লিমিটেড কৃষি/পল্লী ঋণের বিভিন্ন কর্মসূচীতে দীর্ঘদিন যাবৎ ঋণ বিতরণ করে দেশের আর্থ সামাজিক উন্নয়নে এক গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে আসছে এবং ২০১৩-২০১৪ অর্থ বছরে অত্র ব্যাংকের কৃষি/পল্লী ঋণের বিভিন্ন কর্মসূচীতে কর্তৃপক্ষ কর্তৃক সর্বমোট ১১৮০.০০ কোটি টাকা (পল্লী ঋণ বিভাগের জন্য ৭৬৫.০০ কোটি টাকা এবং মাইক্রো ক্রেডিট ডিভিশন এর জন্য ৪১৫.০০ কোটি টাকা) ঋণ বিতরণ লক্ষ্যমাত্রা অনুমোদন দেয়া হয়েছে। উক্ত ১১৮০.০০ কোটি টাকার মধ্যে ব্যাংকের নিজস্ব কর্মসূচীতে ১০১১.৮৫ কোটি টাকা এবং বিআরডিবি-ইউসিসিএ এর ফসল উৎপাদন, মহিলা কর্মসূচী ও চিংড়ী চাষ খাতে ১৬৮.১৫ কোটি টাকা নির্ধারণ করা হয়েছে।

২.০০ঃ অত্র বিভাগের ০৩ জুলাই, ২০১৩ তারিখের ১২২২ সংখ্যক পত্র মারফত এসএসিপি, পুকুরে মৎস্য চাষ ঋণ কর্মসূচী, কৃষি-অকৃষি খাতে বিনিয়োগ কর্মসূচী, বিশেষ বিনিয়োগ কর্মসূচী, সামাজিক বনায়ন ঋণ কর্মসূচী এবং কৃষি খামার ঋণ কর্মসূচীতে পল্লী ঋণের জন্য বরাদ্দকৃত ৭৬৫.০০ কোটি টাকার মধ্যে ৪১৮.০০ কোটি টাকা পরিশিষ্ট ক,খ,গ,ঘ,ঙ ও চ মোতাবেক সকল প্রিন্সিপাল অফিস/রিজিওনাল অফিস এবং সংশ্লিষ্ট কর্পোরেট শাখাসমূহে ঋণ মঞ্জুরী/বিতরণের লক্ষ্যে বরাদ্দ প্রদান করা হয়েছে এবং প্রধান কার্যালয়ে মিল এলাকায় ইক্ষু চাষ খাতে ২২০.০০ কোটি + অন্যান্য খাতে ১২৭.০০ কোটি মোট ৩৪৭.০০ কোটি টাকা সংরক্ষিত রয়েছে। নিম্নে বর্ণিত নীতিমালা/নির্দেশাবলী এবং বিভিন্ন সময়ে জারীকৃত ইস্পে হার/পরিপত্র ও পত্র এবং বাংলাদেশ ব্যাংক কর্তৃক প্রণীত ২০১৩-১৪ অর্থবছরের কৃষি/পল্লী ঋণ নীতিমালা ও কর্মসূচী সংক্রান্ত পুস্টিকায় বর্ণিত নীতিমালা যথাযথভাবে অনুসরণপূর্বক সংশ্লিষ্ট শাখা/অফিসকে ঋণ মঞ্জুরী/বিতরণ করতে হবে।

৩.০০ঃ বাংলাদেশ ব্যাংক কর্তৃক প্রণীত ২০১৩-২০১৪ অর্থবছরের কৃষি/পল্লী ঋণ নীতিমালা ও কর্মসূচীর মধ্যে অন্যতম গুরুত্বপূর্ণ কয়েকটি বিষয়াবলী নিম্নে উল্লেখ করা হলো:

- ০১) বাংলাদেশ ব্যাংক কর্তৃক প্রণীত ২০১৩-১৪ অর্থবছরে কৃষি/পল্লী ঋণ নীতিমালা ও কর্মসূচী, উক্ত পুস্টিকায় অন্তর্ভুক্ত ফসল উৎপাদনের ঋণ নিয়মাচার (পরিশিষ্ট 'ঙ'), ফসল উৎপাদন পুঞ্জিকা ও ঋণ পরিশোধসূচী (পরিশিষ্ট 'চ') এবং এতদসংক্রান্ত নির্দেশাবলী ও করণীয় কার্যাদি যথাযথভাবে পরিপালন, সম্পাদন ও অনুসরণ করতে হবে।

২য় পৃষ্ঠায় দ্রষ্টব্য

- ০২) কৃষি/পল্লী ঋণের আবেদনকারীদের জাতীয় পরিচয়পত্র ও কৃষি উপকরণ সহায়তা কার্ড এর ভিত্তিতে প্রকৃত কৃষক সনাক্ত করা যাবে। সম্প্রতি কৃষি উপকরণ সহায়তা কার্ডের বিপরীতে মাত্র ১০/- টাকা জমা গ্রহণপূর্বক খোলা একাউন্টধারী কৃষকদের ঋণ বিতরণের ক্ষেত্রে শুধুমাত্র পাশ বই এর ভিত্তিতে প্রকৃত কৃষক সনাক্ত করা যেতে পারে। জাতীয় পরিচয়পত্র আছে কিন্তু কৃষি উপকরণ সহায়তা কার্ড নেই সে ক্ষেত্রে প্রয়োজনে ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান বা স্থানীয় স্কুল/কলেজের প্রধান শিক্ষক অথবা ব্যাংকের কাছে গ্রহণযোগ্য ব্যক্তির দেওয়া প্রত্যয়ন পত্রও প্রকৃত কৃষক সনাক্তকরণের কাজে ব্যবহার করা যেতে পারে।
- ০৩) কৃষি/পল্লী ঋণ নীতিমালা অনুযায়ী কৃষি ঋণের প্রধান (core) ৩টি খাতে (যথা- শস্য, মৎস্য ও পশুসম্পদ) অন্যান্য খাতের চেয়ে ঋণ বিতরণে অগ্রাধিকার দিতে হবে।
- ০৪) সম্ভাব্য যোগ্য ঋণগ্রহীতা কৃষকদের নিকট কৃষি ঋণের আবেদনপত্র সহজলভ্য করতে হবে। কৃষকদের ঋণের আবেদনের প্রাপ্তিস্বীকার করতে হবে।
- ০৫) আবেদন ফরম পূরণসহ আনুষঙ্গিক কাজে যাতে কালক্ষেপণ না হয় সে জন্যে আবেদন ফরম গ্রহণের সময়ই গ্রাহককে এতদসংক্রান্ত সকল প্রকার নির্দেশনা প্রদান করতে হবে। সহায়ক কোনো তথ্যের প্রয়োজন হলে একটি মাত্র বৈঠকেই সকল তথ্য গ্রাহককে জানাতে হবে।
- ০৬) শস্য ও ফসল চাষের জন্য ঋণের আবেদন দ্রুততম সময়ে নিষ্পত্তি করতে হবে। এ ক্ষেত্রে ঋণের আবেদন নিষ্পত্তিকরণের সময়সীমা হবে সর্বোচ্চ ১০ কর্মদিবস।
- ০৭) দশ টাকায় খোলা কৃষক একাউন্টসমূহের মাধ্যমে স্বাভাবিক ব্যাংকিং কার্যক্রমকে উৎসাহিত করতে ইতোমধ্যে উক্ত একাউন্টের সর্বোচ্চ ১ লক্ষ টাকা পর্যন্ত ডেবিট/ক্রেডিট স্থিতির ক্ষেত্রে আবগারী শুল্ক কর্তন হতে অব্যাহতি প্রদান করা হয়েছে। উক্ত একাউন্টের ব্যবহার বাংলাদেশ ব্যাংক কর্তৃক ত্রৈমাসিক বিবরণী সংগ্রহের মাধ্যমে মনিটর করা হচ্ছে।
- ০৮) কৃষক পর্যায়ে সময়মত কৃষি ঋণ পৌঁছানোর স্বার্থে স্বল্পমেয়াদী শস্য ফসল চাষের জন্য সর্বোচ্চ ১.৫ লক্ষ টাকা পর্যন্ত স্বল্পমেয়াদী কৃষি ঋণের ক্ষেত্রে সিআইবি রিপোর্টিং ও সিআইবি ইনকোয়ারী বাধ্যবাধক হবে না।
- ০৯) অঞ্চলভিত্তিক ফসল উৎপাদন, ফসলের ধরণ অর্থাৎ যে এলাকায় যে ফসল ভাল উৎপাদন হয় সেগুলোকে গুরুত্ব দিয়ে Area approach পদ্ধতিতে বাস্তবভিত্তিক কৃষি ঋণ বিতরণ করতে হবে।
- ১০) কৃষি ঋণ সুবিধায় বর্গাচাষিসহ ক্ষুদ্র ও প্রান্তিক পর্যায়ে কৃষকদের কাছে সময়মত প্রয়োজনীয় পরিমাণ অর্থের যোগান দেয়া কৃষি/পল্লী ঋণ নীতিমালার অন্যতম উদ্দেশ্য। অপেক্ষাকৃত অনগ্রসর এবং উপেক্ষিত এলাকায় (যেমন চর, হাওর, উপকূলীয় এলাকা ইত্যাদি) কৃষি ঋণ প্রদানের ক্ষেত্রে অগ্রাধিকার দিতে হবে।
- ১১) কৃষি ঋণ বিতরণে আরও স্বচ্ছতা আনতে ইউনিয়ন পর্যায়ে পকাশ্যে কৃষি ঋণ বিতরণের ওপর গুরুত্ব দিতে হবে। প্রয়োজনে স্থানীয় হাটের দিন সংশ্লিষ্ট ব্যাংক শাখার কর্মকর্তারা ক্যাম্প করে কৃষি ঋণ সংক্রান্ত তথ্য প্রচার ও ঋণ বিতরণ করতে পারেন।
- ১২) প্রকৃত কৃষকরাই যাতে সময়মত প্রয়োজনীয় পরিমাণ কৃষি ঋণ পান, কৃষি ঋণ পেতে যাতে কোনো হয়রানির শিকার হতে না হয় এবং কৃষি ঋণের নির্ধারিত লক্ষ্যমাত্রা যাতে পুরোপুরি অর্জন করা সম্ভব হয় সে জন্যে সংশ্লিষ্ট সকলকে কার্যকর মনিটরিং ব্যবস্থা নিশ্চিত করতে হবে।
- ১৩) কৃষকদের ঋণ আবেদনের প্রাপ্তিস্বীকার করতে হবে। কৃষি ঋণের জন্য কৃষকদের কোনো ঋণ আবেদন বিবেচনা করা না গেলে তা কারণ উল্লেখসহ একটি রেজিস্ট্রারে সংরক্ষণ করতে হবে।
- ১৪) প্রকৃত ক্ষুদ্র, প্রান্তিক কৃষক ও বর্গাচাষীদেরকে সহজ পদ্ধতিতে একক/গ্রুপ ভিত্তিতে কৃষি ঋণ দিতে হবে।
- ১৫) কৃষক পর্যায়ে উৎপাদিত পণ্যের ন্যায্যমূল্য নিশ্চিত করতে গুদামজাতকৃত কৃষি পণ্যের বিপরীতে শস্যগুদামজাত ও বাজারজাতকরণ খাতে প্রকৃত কৃষকদেরকে ঋণ প্রদান করতে হবে।
- ১৬) সফল কৃষকদের প্রয়োজনীয় পরিমাণ কৃষি ঋণ প্রদানের ব্যবস্থা করতে হবে যাতে তাদের সফলতায় অন্য কৃষকরাও উৎসাহিত হয়।
- ১৭) ডাল, তৈলবীজ ও মসলাজাতীয় ফসল খাতে সরকার প্রদত্ত সুদ ক্ষতির বিপরীতে ঋণ বিতরণে ব্যাংকসমূহের সুসম অংশগ্রহণ নিশ্চিত করতে পারে সেজন্য কৃষক পর্যায়ে বিতরণকৃত ঋণের ক্ষেত্রে প্রযোজ্য সুদ হার ৪%-এ নির্ধারণ করা হয়েছে। আমদানি নির্ভরতা কমিয়ে আনতে এ সব ফসল উৎপাদনের জন্য কৃষকদের রেয়াতী সুদ হারে ঋণ প্রদান করতে হবে। ব্যাংকসমূহ যাতে দ্রুত ভর্তুকা সুবিধা পায় এজন্য ভর্তুকী প্রাপ্তির ব্যবস্থা সহজীকরণ করা হয়েছে।

৩য় পৃষ্ঠায় দ্রষ্টব্য

- ১৮) একজন কৃষক কৃষির অপর কোনো খাতে ঋণ গ্রহণ করে খেলাপী না হলে একই কৃষককে ডাল, তেলবীজ, মসলাজাতীয় ফসল এবং ভুট্টা চাষ খাতে রেয়াতি ৪% সুদ হারে ঋণ দেওয়া যাবে।
- ১৯) কৃষির সহায়ক খাত হিসেবে সেচ যন্ত্রপাতি ও কৃষি যন্ত্রপাতিতেও ব্যবহারকারী পর্যায়ে প্রয়োজনীয় ঋণ সরবরাহ করতে হবে।
- ২০) কৃষি এবং এর সহায়ক খাতের পাশাপাশি গ্রামীণ অর্থনীতিতে গতিসঞ্চার করতে নানাবিধ আত্ম-কর্মসংস্থানমূলক বা আয়-উৎসারী কর্মকাণ্ডে একক/দলীয় ভিত্তিতে ঋণ প্রদানের ব্যবস্থা গ্রহণ করতে হবে।
- ২১) কৃষি/পল্লী ঋণ বিতরণের ক্ষেত্রে নারীদেরকে অগ্রাধিকার প্রদান করতে হবে।
- ২২) প্রতিটি জেলায় ডেপুটি কমিশনারদের নেতৃত্বে গঠিত জেলা কৃষি ঋণ কমিটিকে আরো সক্রিয় করতে হবে।
- ২৩) উচ্চমূল্য ফসল খাতে ঋণ প্রদানে বিশেষ গুরুত্ব প্রদান করতে হবে।
- ২৪) দেশের সমুদ্র উপকূলীয় অঞ্চলে লবণ চাষীদেরকে সহজ শর্তে ঋণ প্রদান করতে হবে। সরকার প্রদত্ত সুদ ক্ষতি পুনর্ভরণ লবণ চাষের জন্য লবণ চাষীদের রেয়াতী সুবিধায় ৪% সুদ হারে ঋণ প্রদান করা যাবে।
- ২৫) আমদানি নির্ভর ভোজ্যতেলের চাহিদা মেটানো এবং বৈদেশিক মুদ্রা সাশ্রয়ে নতুন কৃষিপণ্য হিসেবে বাংলাদেশে ওয়েলপাম চাষ বিশেষ ভূমিকা রাখতে পারে। ওয়েলপাম চাষে আগ্রহীদেরকে কৃষি ঋণ বিতরণ করতে হবে।
- ২৬) কৃষি ঋণের জন্য যাতে তারল্য সংকট সৃষ্টি না হয় এবং তহবিলের সর্বোত্তম ব্যবহার নিশ্চিত করা যায় সে লক্ষ্যে ঋণ আদায়ের জন্য প্রয়োজনে শাখা ও নিয়ন্ত্রণকারী কার্যালয়সমূহে পৃথক Recovery cell গঠন করতে হবে।
- ২৭) কৃষি ঋণ কর্মসূচীর আওতায় ঋণ প্রদানের জন্য “পাশ বই” আবশ্যিক এবং এতদসংক্রান্ত বিদ্যমান সকল নিয়মকানুন যথাযথভাবে পালন করতে হবে। নতুন ঋণগ্রহীতাদের ক্ষেত্রে অবশ্যই পাশ বই ইস্যুর মাধ্যমে ঋণ বিতরণ করতে হবে।
- ২৮) অনাবাদী জমিতে শস্য আবাদের ক্ষেত্রে কৃষককে ঋণ প্রদানে অগ্রাধিকার দিতে হবে।
- ২৯) বায়োগ্যাস প্যান্ট স্থাপনের (পোলট্রি/ডেইরি ফার্ম হতে) মাধ্যমে উৎপাদিত বায়োগ্যাস দ্বারা চুলা জ্বালানোর পাশাপাশি জেনারেটরের সাহায্যে বিদ্যুৎ উৎপাদন খাতে ঋণ প্রদান করতে হবে।
- ৩০) সোলার হোম সিস্টেম এবং সৌরশক্তি চালিত সেচপাম্প স্থাপন খাতে ঋণ প্রদান করতে হবে।

৪.০০ঃ কর্মসূচী ভিত্তিক করণীয়ঃ

(ক) এসএসপি (বিশেষ কৃষি ঋণ কর্মসূচী)ঃ

বাংলাদেশ ব্যাংক মারফত প্রাপ্ত ২০১৩-২০১৪ অর্থবছরের কৃষি/পল্লী ঋণ নীতিমালা ও কর্মসূচী সংক্রান্ত পুস্তিকায় বর্ণিত নির্দেশাবলী/নীতিমালা সমূহ যথাযথভাবে পরিপালনপূর্বক জেলা ও শস্যওয়ারী বরাদ্দ পরিশিষ্ট-ক (যা ইতোমধ্যে প্রেরণ করা হয়েছে) বাংলাদেশ ব্যাংক প্রণীত ফসল উৎপাদনের ঋণ নিয়মাচার (Credit Norms) পরিশিষ্ট 'ঙ' তে বর্ণিত নিয়মাচার অনুযায়ী ঋণ মঞ্জুরী ও বিতরণ করতে হবে। এক্ষেত্রে পুস্তিকায় বর্ণিত ফসল উৎপাদন পঞ্জিকা ও ঋণ পরিশোধসূচী (পরিশিষ্ট 'চ') যথাযথ অনুসরণ করতে হবে। তাছাড়া অত্র বিভাগ থেকে সময়ে সময়ে জারীকৃত ইস্‌হা/ইস্‌ হারপত্র/মেমোরেভাম/পত্রাদিতে বর্ণিত নির্দেশাবলী/নীতিমালাসমূহ পরিপালন করতে হবে।

(খ) পুকুরে মৎস্য চাষ ঋণ কর্মসূচীঃ

প্রধান কার্যালয় ইস্‌হা নং-৯৮৮ (পল্লী ঋণ বিভাগ ইস্‌হা নং-১৯৮) তারিখ ০৯ জুলাই, ১৯৯৫ এ বর্ণিত নীতিমালা/নির্দেশাবলী এবং প্রধান কার্যালয় ইস্‌হা নং-১৬৩৫ তারিখ ৩১ মে, ২০০৬ এ উল্লেখিত ঋণ নিয়মাচার অনুসরণ করতে হবে। এখানে উল্লেখ্য যে, ৫০,০০০.০০ (পঞ্চাশ হাজার) টাকা পর্যন্ত ঋণ মাইক্রো ক্রেডিট ডিভিশন প্রধান কার্যালয় কর্তৃক পরিচালিত ক্ষুদ্র খামার ঋণ কর্মসূচীর অধীন মঞ্জুরী ও বিতরণ করতে হবে। এ কর্মসূচীর জন্য বরাদ্দকৃত টাকা হতে ৫০,০০০.০০ (পঞ্চাশ হাজার) টাকার উর্ধ্বের ঋণসীমার জন্য মঞ্জুরী ও বিতরণ করতে হবে।

৪র্থ পৃষ্ঠায় দ্রষ্টব্য

(গ) শস্য বহির্ভূত কৃষি-অকৃষি খাতে বিনিয়োগ কর্মসূচীঃ

প্রধান কার্যালয় ইস্টেহার নং-৯১৬ (পল্লী ঋণ বিভাগ ইস্টেহার নং-১৯৪) তারিখ ১৪ সেপ্টেম্বর, ১৯৯৪ এবং প্রধান কার্যালয় ইস্টেহার নং-১৬৩৫, তারিখ ৩১ মে, ২০০৬ এ বর্ণিত নীতিমালা/নির্দেশাবলী, ঋণ নিয়মাচার, প্রধান কার্যালয় ইস্টেহার পত্র নং-১৪৮৫ (পল্লী ঋণ বিভাগ ইস্টেহার পত্র নং-৩৯১) তারিখ ১৩ জুন, ২০০২, প্রধান কার্যালয় ইস্টেহার পত্র নং-১৫৬০ (পল্লী ঋণ বিভাগ ইস্টেহার পত্র নং-৩৯৪) তারিখ ১২ জুন, ২০০৩, প্রধান কার্যালয় ইস্টেহার পত্র নং-১৬১২ (পল্লী ঋণ বিভাগ ইস্টেহার পত্র নং-৩৯৬) তারিখ ২০ ডিসেম্বর, ২০০৩ ও পল্লী ঋণ বিভাগ পরিপত্র নং-১৩ তারিখ ০৮ সেপ্টেম্বর, ২০০৯ এবং প্রধান কার্যালয় ইস্টেহার নং-৫৩, তারিখ ০৭ ডিসেম্বর, ২০০৯ এর নীতিমালা / নির্দেশাবলী অনুসরণ করতে হবে। এখানে উল্লেখ্য যে, ৫০,০০০.০০(পঞ্চাশ হাজার) টাকা পর্যন্ত ঋণ সীমা মাইক্রো ক্রেডিট ডিভিশন প্রধান কার্যালয় কর্তৃক পরিচালিত ক্ষুদ্র খামার ঋণ কর্মসূচীর আওতায় সংশ্লিষ্ট খাতের ঋণ মঞ্জুরী ও বিতরণ করতে হবে।

(ঘ) বিশেষ বিনিয়োগ কর্মসূচীঃ

০১) প্রধান কার্যালয় ইস্টেহার নং-৭৭২ (পল্লী ঋণ বিভাগ ইস্টেহার পত্র নং-১৮৫) তারিখ ১৬ ফেব্রুয়ারী, ১৯৯৩ এবং প্রধান কার্যালয় ইস্টেহার নং-১৬৩৫ তারিখ ৩১ মে, ২০০৬ তে বর্ণিত সকল নীতিমালা/নির্দেশাবলী অনুসরণ করতে হবে। এখানে উল্লেখ্য যে, ৫০,০০০.০০ (পঞ্চাশ হাজার) টাকা ঋণসীমা মাইক্রো ক্রেডিট ডিভিশন, প্রধান কার্যালয় কর্তৃক পরিচালিত ক্ষুদ্র খামার ঋণ কর্মসূচীর অধীন মঞ্জুরী/বিতরণ করতে হবে। এ কর্মসূচীর জন্য বরাদ্দকৃত টাকা শুধুমাত্র ৫০,০০০.০০ (পঞ্চাশ হাজার) টাকার উর্ধ্বের ঋণসীমার জন্য প্রযোজ্য হবে (বিভাগীয় পত্র নং-৯৫২ তারিখ ০৫ অক্টোবর, ২০০৪)।

০২) বিগত ২০১২-২০১৩ অর্থবছরের ন্যায় যে সমস্ত শাখার পূর্বের বিলিকৃত ঋণের পুঞ্জিভূত আদায় হার ৮০% বা তদুর্ধ্ব অথবা ডিম্যান্ড ভিত্তিক আদায় হার ন্যূনতম ৫০% সে সকল শাখা নতুন ঋণ মঞ্জুরী/বিতরণ করতে পারবে। তবে যে সমস্ত শাখার পুঞ্জিভূত আদায় হার ৮০% এর নীচে এবং ডিম্যান্ড ভিত্তিক আদায় হার ৫০% এর নীচে তারা নতুন ঋণ মঞ্জুরী করতে অগ্রহী হলে প্রধান কার্যালয়ের পূর্বানুমোদন নিতে হবে। তবে নবায়নের জন্য এ বিধি নিষেধ প্রযোজ্য হবে না।

(ঙ) সামাজিক বনায়ন ঋণ কর্মসূচীঃ

প্রধান কার্যালয় ইস্টেহার নং-১৫৪৯ (পল্লী ঋণ বিভাগ ইস্টেহার নং-২২৩) তারিখ ১০ জুন, ২০০৪ যথাযথভাবে অনুসরণ করতে হবে।

(চ) কৃষি খামার ঋণ কর্মসূচীঃ

প্রধান কার্যালয় ইস্টেহার নং-৯১১ (পল্লী ঋণ বিভাগ ইস্টেহার নং-১৯৩) তারিখ ০৩ সেপ্টেম্বর, ১৯৯৪ যথাযথভাবে অনুসরণ করতে হবে।

৫.০০ঃ তাছাড়া কোন ফসলের জন্য শাখার চাহিদার প্রেক্ষিতে প্রিন্সিপাল অফিস/রিজিওনাল অফিস পর্যায়ে অতিরিক্ত বরাদ্দের প্রয়োজন হলে তারা এ ব্যাপারে সংশ্লিষ্ট জেনারেল ম্যানেজার'স অফিসে নিম্নোক্ত তথ্যাদিসহ তাদের চাহিদা পেশ করবেঃ

ক্রঃ নং	ইউনিয়নের নাম	পুরাতন বরাদ্দকৃত ইউনিয়নে যোগ্য কৃষক পরিবারের সংখ্যা	যে ফসলের বরাদ্দের প্রয়োজন সে ফসলের চাষাবাদযোগ্য জমির পরিমাণ (স্থানীয় কৃষি অফিস থেকে সংগ্রহ করতে হবে)	বর্তমানে এ ফসলে উক্ত ইউনিয়নের অনাদায়ী		বর্তমানে চাহিদাকৃত বরাদ্দ হতে কতজনকে ঋণ দেয়া হবে	প্রধান কার্যালয়ের মেমোরেন্ডাম নং-২৮৩ (পল্লী ঋণ বিভাগ মেমোরেন্ডাম নং-১১০) তারিখ ০৮ মে, ২০০৯ মোতাবেক গ্রামভিত্তিক প্রণয়নকৃত কৃষকদের সংখ্যা
				ঋণের সংখ্যা	টাকার পরিমাণ		
১	২	৩	৪	৫	৬	৭	৮

পুকুরে মৎস্য চাষ এবং কৃষি-অকৃষি খাতে বিনিয়োগ কর্মসূচীর জন্য যৌক্তিক কারণ উল্লেখ করে তথ্যাদি সহকারে অতিরিক্ত বরাদ্দের জন্য জিএমওতে চাহিদা পেশ করতে হবে।

৬.০০ঃ জেনারেল ম্যানেজার'স অফিস তাদের নিয়ন্ত্রণাধীনে প্রিন্সিপাল অফিস/রিজিওনাল অফিসসমূহের বরাদ্দ খাত ভিত্তিক আন্ডাখাত সমন্বয়সহ পল্লী ঋণ বিভাগ থেকে মাইক্রো ক্রেডিট ডিভিশনে এবং মাইক্রো ক্রেডিট ডিভিশন থেকে পল্লী ঋণ বিভাগের বরাদ্দ আন্ডাখাত সমন্বয়/ স্থানান্তর করতে পারবে। প্রিন্সিপাল অফিস ও রিজিওনাল অফিস তাদের নিয়ন্ত্রণাধীন শাখাসমূহের আন্ডাখাত সমন্বয়পূর্বক এক শাখা হতে অন্য শাখাতে স্থানান্তর করতে পারবে। শাখাসমূহ এক খাতের অবিতরণকৃত বরাদ্দ গ্রাহকের চাহিদা অনুযায়ী প্রয়োজ্য খাতে স্থানান্তর করে সংশ্লিষ্ট পিও/আরওকে জানাবে। তবে বিআরডিবি-ইউসিসিএ এবং এনজিও লিংকেজ ঋণের বরাদ্দ সংক্রান্ত কার্যক্রম প্রধান কার্যালয়ের মাইক্রো ক্রেডিট ডিভিশন কর্তৃক করা হবে। প্রিন্সিপাল অফিস/রিজিওনাল অফিস এর প্রয়োজনে প্রদত্ত বরাদ্দের অতিরিক্ত চাহিদা প্রধান কার্যালয়ের সংশ্লিষ্ট বিভাগ কর্তৃক নির্ধারিত হবে।

৭.০০ঃ এসএসপি এর আওতায় রোপা আমন ঋণ বিতরণ সম্পর্কিত অত্র বিভাগের পত্র নং- প্রকা/পঞ্চবি/বিকৃষ্ণা-৭/বার্ষিক বরাদ্দ/২০১২-২০১৩/১০৭১ তারিখ ০৫ জুন, ২০১৩ এর পরামর্শ অনুসরণ করতে হবে। ইতোমধ্যে রোপা আমন খাতে বিতরণকৃত ঋণ পরিশিষ্ট 'ক' (যা ইতোমধ্যে অত্র বিভাগের ০৩ জুলাই, ২০১৩ তারিখের ১২২২ সংখ্যক পত্র মারফত প্রেরণ করা হয়েছে) এ উল্লেখিত খাতের বরাদ্দ সীমা থেকে সমন্বয় করতে হবে।

৮.০০ঃ ২০১৪ সালের জুন পর্যন্ত বরাদ্দ/লক্ষ্যমাত্রা অর্জনের লক্ষ্যে মাসওয়ারী ও ত্রৈমাসিক ভিত্তিতে লক্ষ্যমাত্রা নির্ধারণ করে তা অর্জন করতে হবে।

৯.০০ঃ সাপ্তাহিক ভিত্তিতে পূর্বের ন্যায় ঋণ বিতরণের পরিমাণ টেলিফোনের মাধ্যমে অত্র বিভাগকে অবহিত করতে হবে। এ বিতরণের পরিমাণ মাসিক প্রতিবেদন আরসিডি-১ এর সাথে অবশ্যই সামঞ্জস্যপূর্ণ হতে হবে।

১০.০০ঃ নিয়ন্ত্রণকারী কার্যালয়ের অনুমোদন ব্যতিরেকে কোন শাখা কর্মসূচী ভিত্তিক প্রদত্ত বরাদ্দসীমার অতিরিক্ত ঋণ বিতরণ করতে পারবে না।

১১.০০ঃ কৃষি/পল্লী ঋণ বিতরণে যাতে কোন অনিয়ম/দুর্নীতি না হয় সে ব্যাপারে যথাযথ সতর্কতা অবলম্বন করতে হবে। কোন অনিয়ম/দুর্নীতির অভিযোগ উত্থাপিত হলে নিয়ন্ত্রণকারী কার্যালয় থেকে বিষয়টি তাৎক্ষণিকভাবে সরেজমিনে তদন্ত করে দায়ী ব্যক্তিদের বিরুদ্ধে যথাযথ ব্যবস্থা গ্রহণ করে অত্র বিভাগকে অবহিত করতে হবে।

১২.০০ঃ ২০১৩-২০১৪ অর্থবছরের কৃষি/পল্লী ঋণ বিতরণের কর্মপরিকল্পনা ও মনিটরিং প্ল্যান সংশ্লিষ্ট সকলের পরিপালনের নিমিত্তে এতদসঙ্গে প্রেরণ করা হলো।

আপনাদের বিশ্বাস,

(শেখ শাহ আলী মোছাদ্দেক)
ডেপুটি জেনারেল ম্যানেজার

(মোঃ সহিদ হোসাইন)
জেনারেল ম্যানেজার

সংযুক্তিঃ বর্ণনা মোতাবেক।

সোনালী ব্যাংক লিমিটেড

প্রধান কার্যালয়, ঢাকা।

পল্লী ঋণ বিভাগ

খসড়া

২০১৩-২০১৪ অর্থবছরে ৭৬৫.০০ কোটি টাকা কৃষি/পল্লী ঋণ বিতরণের কর্মপরিকল্পনা ও মনিটরিং প্ল্যান।

বাংলাদেশ ব্যাংক, কৃষি ঋণ বিভাগ, প্রধান কার্যালয়, ঢাকা কর্তৃক ২৩ জুলাই, ২০১৩ তারিখের এসিএফআইডি সার্কুলার নং ০১ এর মাধ্যমে ২০১৩-২০১৪ অর্থবছরের জন্য কৃষি/পল্লী ঋণ নীতিমালা ও কর্মসূচী সংক্রান্ত পুস্িকা প্রেরণ করা হয়েছে।

২.০০ঃ প্রসঙ্গত উল্লেখ্য যে, ব্যাংকের কর্তৃপক্ষ কর্তৃক ২০১৩-২০১৪ অর্থবছরের জন্য অত্র ব্যাংকের কৃষি/পল্লী ঋণের বিভিন্ন খাত / কর্মসূচীর জন্য সর্বমোট ৭৬৫.০০ কোটি টাকা বরাদ্দ অনুমোদন করা হয়েছে।

৩.০০ঃ বাংলাদেশ ব্যাংকের উক্ত পত্রের নির্দেশনা/পরামর্শ মোতাবেক চলতি অর্থবছরের ধার্যকৃত কৃষি ঋণ বিতরণের লক্ষ্যমাত্রা অর্জনের জন্য বিভিন্ন স্তরে কাজ বন্টন করে নিম্নোক্ত কর্মপরিকল্পনা ও মনিটরিং প্ল্যান মোতাবেক কার্য সম্পাদন করার জন্য কর্তৃপক্ষের অনুমোদনক্রমে সংশ্লিষ্ট সকলকে নির্দেশ দেয়া হলো।

ক্রঃ নং	প্রসাবিত কর্মপরিকল্পনা ও নির্দেশনা	বাস্বায়নকারী কর্তৃপক্ষ	বাস্বায়নের প্রদেয় সময়
১.	২০১৩-২০১৪ অর্থবছরের কৃষি/পল্লী ঋণ বিতরণের লক্ষ্যমাত্রা নির্ধারণ ও সকল জিএমও/পিও/ আরও/ কর্পোরেট শাখাকে অবহিতকরণ।	পল্লী ঋণ বিভাগ,	০৩ জুলাই, ২০১৩
২.	২০১৩-২০১৪ অর্থবছরে কৃষি/ পল্লী ঋণ বিতরণের লক্ষ্যমাত্রা শাখা পর্যায়ে বন্টন।	পিও/আরও	১০ জুলাই, ২০১৩
৩.	কৃষি ঋণ সংশ্লিষ্ট কর্মকর্তা/কর্মচারী এবং মাঠকর্মীদের মধ্যে ঋণ বিতরণের বরাদ্দ বন্টন	সংশ্লিষ্ট শাখা	১৬ জুলাই, ২০১৩
৫.	কৃষি/ পল্লী ঋণ বিতরণ ও আদায় কাজ জোরদারকরণের জন্য মনিটরিং ইউনিট গঠন।	আরসিডি/জিএমও/ পিও/ আরও/কর্পোরেট শাখা	০৫ আগস্ট, ২০১৩
৬.	স্বচ্ছভাবে শস্য ঋণ বিতরণ নিশ্চিত করার জন্য ইউনিয়ন/ওয়ার্ড পর্যায়ে জনপ্রতিনিধি/ কৃষি কর্মকর্তা/ শিক্ষক/ স্থানীয় গণ্যমান্য ব্যক্তিদের মনোনীত করে ঋণ বিতরণের দিনে তারা উপস্থিত থাকবেন সম্মতি সংগ্রহপূর্বক তালিকা প্রণয়ন।	শস্য ঋণ বিতরণকারী শাখা	৮ আগস্ট, ২০১৩ থেকে শুরু করে অব্যাহতভাবে চলবে
৬.	প্রকাশ্যে কৃষি ঋণ বিতরণ, বকেয়া ঋণ আদায়ের জন্য স্থানীয় হাটের দিন ক্যাম্প স্থাপন	সংশ্লিষ্ট শাখা	অব্যাহতভাবে চলবে
৭.	কৃষি/ পল্লী ঋণ তদারকির জন্য ভিজিটর টিম গঠন	পল্লী ঋণ বিভাগ/ জিএম অফিস	১২ আগস্ট, ২০১৩
৮.	কৃষি ঋণ বিতরণ মাস-২০১৩ (রবি মৌসুম) (০২ অক্টোবর-৩১ অক্টোবর) উদযাপনের জন্য নির্দেশনা প্রদান।	পল্লী ঋণ বিভাগ	১১ সেপ্টেম্বর, ২০১৩
৯.	কৃষি ঋণ বিতরণ মাস-২০১৩ (রবি মৌসুম) (০১ অক্টোবর-৩১ অক্টোবর) উদযাপনের জন্য ব্যানার লিখন ও পোস্টার মুদ্রণসহ সরবরাহ।	পিও/আরও/ কর্পোরেট শাখা	১৮ সেপ্টেম্বর, ২০১৩
১০.	কৃষি ঋণ বিতরণ মাস-২০১৩ (রবি মৌসুম) উদযাপন	সকল শাখা	০২ অক্টোবর হতে ৩১ অক্টোবর ২০১৩,
১১.	শস্য/ফসল ঋণের আবেদন ফরম সহজী করণের লক্ষ্যে অঞ্চল/ শাখাসমূহ হতে প্রশ্নব আণয়ন	পল্লী ঋণ বিভাগ, প্রঃকাঃ	২৮ অক্টোবর, ২০১৩
১২.	ঋণ বিতরণের মাসিক মূল্যায়ন	আরসিডি জিএমও/পিও/ আরও	পরবর্তী মাসের ১০ তারিখ
১৩.	কৃষি/পল্লী ঋণের বিতরণ সম্পর্কে ব্যবস্থাপনা পরিচালক এবং সিইও মহোদয়কে অবহিত করা	পল্লী ঋণ বিভাগ	প্রতি সপ্তাহে অব্যাহতভাবে (০২ অক্টোবর হতে ৩০ জুন পর্যন্ত)

পরবর্তী পৃষ্ঠায় দৃষ্টব্য

২০১৩-২০১৪ অর্থবছরে ৭৬৫.০০ কোটি টাকা কৃষি/পল্লী ঋণ বিতরণের কর্মপরিকল্পনা ও মনিটরিং প্ল্যান।

ক্রঃ	প্রসবিত কর্মপরিকল্পনা ও নির্দেশনা	বাস্তবায়ন কর্তৃপক্ষ	বাস্তবায়নের প্রদেয় সময়
১৪.	ভিজিলাস টীম কর্তৃক ত্রৈমাসিক ভিত্তিতে মাঠ পর্যায়ে গমন ও তথ্য উপস্থাপন।	পল্লী ঋণ বিভাগ,	ত্রৈমাসিক প্রান্তিক শেষে পরবর্তী মাসের ১০ তারিখ।
১৪.	ত্রৈমাসিক ভিত্তিতে মূল্যায়ন সভা (উর্ধ্বতন কর্তৃপক্ষের উপস্থিতিতে)	পল্লী ঋণ বিভাগ, প্রঃকাঃ এর জিএম চেম্বার	ত্রৈমাসিক শেষে পরবর্তী মাসের ১৫ তারিখের মধ্যে
১৫.	ষান্মাসিক কৃষি ঋণ বিতরণ ও আদায়ের অবস্থা ব্যাংকের পরিচালনা পরিষদকে অবহিত করা	পল্লী ঋণ বিভাগ, প্রঃকাঃ	ষান্মাসিক প্রান্তিক শেষে পরবর্তী মাসের ২৫ তারিখের মধ্যে
১৬.	কৃষি ঋণ আদায় মাস-২০১৩(১৫ নভেম্বর-১৪ ডিসেম্বর) পালনের জন্য ব্যানার লিখন ও পোষ্টার মুদ্রণসহ সরবরাহ	পিও/আরও/ কর্পোরেট শাখা	৩০ অক্টোবর'২০১৩
১৭.	কৃষি ঋণ আদায় মাস-২০১৩(১৫ নভেম্বর-১৪ ডিসেম্বর) পরিপালন	সকল শাখা	(১৫নভেম্বর-১৪ ডিসেম্বর) ২০১৩
১৮.	কৃষি ঋণ আদায় মাস-২০১৪(১৫মে-১৪ জুন) পালনের জন্য পূর্বের ব্যানার সংশোধন করে লিখন।	সকল শাখা	৩০ এপ্রিল, ২০১৪
১৯.	কৃষি ঋণ আদায় মাস-২০১৪(১৫মে-১৪ জুন) পরিপালন	সকল শাখা	(১৫মে-১৪ জুন)'১৪
২০.	কৃষি/পল্লী ঋণ নীতিমালা বিষয়ে সচেতনতা ও প্রশিক্ষণের জন্য উদ্যোগ গ্রহণ	এসবিএল স্টাফ কলেজ/ প্রশিক্ষণ ইনস্টিটিউট	পর্যায়ক্রমে
২১.	কৃষি ঋণ ব্যবস্থায় মোবাইল ফোনের ব্যবহার (কৃষকদের মোবাইল ফোন নম্বর সংগ্রহ ও সংরক্ষণ)	সংশ্লিষ্ট শাখা	অব্যাহতভাবে
২২.	প্রতিটি জেলায় ডেপুটি কমিশনারের নেতৃত্বে গঠিত কৃষি ঋণ কমিটিকে আরও সক্রিয়করণ	সংশ্লিষ্ট জেলার লীড ব্যাংক	সংশ্লিষ্ট মাসে কৃষি ঋণ কমিটির সভার পূর্বে
২৩.	কৃষি ঋণ সংক্রান্ত তথ্য ওয়েবসাইটে দেয়া, শাখার নোটিশ বোর্ডে দেয়া	আইটি ডিভিশন, প্রঃকাঃ ও সংশ্লিষ্ট শাখা	৩০ সেপ্টেম্বর, ২০১৩
২৪.	কৃষি/পল্লী ঋণের বিভিন্ন প্রডাক্টসমূহের ব্রশিয়ার প্রণয়ন ও মুদ্রণ।	পল্লী ঋণ বিভাগ,	২৮ সেপ্টেম্বর, ২০১৩

বর্ণিত কর্মপরিকল্পনা শতভাগ কার্যকর করার লক্ষ্যে নিম্নোক্ত মনিটরিং প্ল্যান গ্রহণ করার জন্য সংশ্লিষ্ট সকলকে পরামর্শ দেয়া হলো।

(ক) শাখা পর্যায়ে মনিটরিং প্ল্যানঃ

১)	কর্মপরিকল্পনায় বর্ণিত শাখার করণীয় কাজসমূহ নির্ধারিত সময়ের মধ্যে সম্পন্ন করতে হবে।
২)	কৃষি/পল্লী ঋণ বিতরণ ও আদায় কার্যক্রম শাখার সকল স্তরের কর্মকর্তা/কর্মচারীদের সম্পৃক্ত করতে হবে।
৩)	২০১৩-২০১৪ অর্থ বছরের বরাদ্দ কৃষি ঋণ সংশ্লিষ্ট কর্মকর্তা/কর্মচারী এবং মাঠকর্মীদের মধ্যে বন্টন করে দিতে হবে।
৪)	স্বচ্ছভাবে শাখা ঋণ বিতরণ নিশ্চিত করার জন্য ইউনিয়ন/ওয়ার্ড পর্যায়ে জন প্রতিনিধি/কৃষি কর্মকর্তা/শিক্ষক/স্থানীয় গণ্যমান্য ব্যক্তিদের মনোনীত করে তাদের উপস্থিতিতে ঋণ বিতরণ করতে হবে।
৫)	প্রকাশ্যে ঋণ বিতরণের বিষয়ে স্থানীয় হাটের দিন ক্যাম্প করে ঋণ বিতরণ মৌসুম শুরু হওয়ার ২০(বিশ) দিন পূর্ব হতে কৃষি ঋণ বিতরণ সংক্রান্ত তথ্য প্রচার করতে হবে।
৬)	কৃষি ঋণ বিতরণ মাস-২০১৩ ও কৃষি ঋণ আদায় মাস সফল করার জন্য ব্যাপক প্রচারণা চালাতে হবে। পোষ্টার, ব্যানার লাগাতে হবে।
৭)	প্রতি মাস শেষে কৃষি ঋণ বিতরণ কাজে সংশ্লিষ্ট কর্মকর্তা/কর্মচারী এবং মাঠকর্মীদের কাজ মূল্যায়ন করতে হবে এবং ছক-১,২ মোতাবেক তথ্য রিজিওনাল অফিস/প্রিন্সিপাল অফিসে পরবর্তী মাসের ০২ তারিখের মধ্যে প্রেরণ করতে হবে। কর্পোরেট শাখাসমূহ ছক-১,২ প্রতিবেদন সরাসরি স্ব স্ব জেনারেল ম্যানেজার'স অফিসে প্রেরণ করবেন।
৮)	যতদূর সম্ভব সকল কৃষি/পল্লী ঋণগ্রহীতার মোবাইল ফোন নম্বর শাখায় সংরক্ষণ করতে হবে। কৃষি ঋণগ্রহীতা কৃষকের নিজের মোবাইল ফোন না থাকলে তার আত্মীয় / প্রতিবেশীর মোবাইল ফোন নম্বর সংগ্রহ করতে হবে। তবে মোবাইল ফোন না থাকার অজুহাতে কোন কৃষককে ঋণ প্রদান হতে বঞ্চিত করা যাবে না।
৯)	কৃষকের ১০/- টাকার হিসাবের মাধ্যমে কৃষি ঋণ বিতরণ, সঞ্চয় এবং প্রবাসীদের প্রেরিত রেমিটেন্স লেনদেন করার বিষয়ে কৃষকগণকে উদ্বুদ্ধ করতে হবে।

২০১৩-২০১৪ অর্থবছরে ৭৬৫.০০ কোটি টাকা কৃষি/পল্লী ঋণ বিতরণের কর্মপরিকল্পনা ও মনিটরিং প্ল্যান।

(খ) রিজিওনাল অফিস/প্রিন্সিপাল অফিস পর্যায়ে মনিটরিং প্ল্যানঃ

১)	কর্মপরিকল্পনায় বর্ণিত রিজিওনাল অফিস/প্রিন্সিপাল অফিসের করণীয় কাজসমূহ নির্ধারিত সময়ের মধ্যে সম্পন্ন নিশ্চিত করতে হবে।
২)	রিজিওনাল অফিস/প্রিন্সিপাল অফিসের একটি মনিটরিং ইউনিট গঠন করতে হবে।
৩)	শাখাসমূহের উপর অর্পিত কাজসমূহ যথাযথভাবে পরিপালন হচ্ছে কি না রিজিওনাল অফিস/প্রিন্সিপাল অফিসের প্রধানসহ মনিটরিং ইউনিট প্রতিমাসে ১/২ বার শাখা পরিদর্শন করবেন এবং অঞ্চল প্রধানের নিকট পরিদর্শন রিপোর্ট দাখিল করবেন। পাশাপাশি মনিটরিং ইউনিটের কাজও মূল্যায়ন করবেন।
৪)	কৃষি ঋণ বিতরণ ও আদায় মাস সফল করার জন্য শাখাসমূহকে সর্বাত্মক সহযোগিতা করবেন। ব্যানার, পোস্টার তৈরী করে শাখাসমূহে সরবরাহ করতে হবে।
৫)	প্রতি মাসে শাখার কৃষি ঋণ বিতরণ ও আদায়ের তথ্য সংগ্রহ করবেন এবং পর্যালোচনা করে শতভাগ অর্জন করার ব্যাপারে প্রয়োজনীয় নির্দেশনা প্রদান করবেন। কোন শাখা লক্ষ্যমাত্রা অর্জনে ব্যর্থ হলে কারণ অনুসন্ধান করে প্রয়োজনীয় ব্যবস্থা নিবেন। কোন শাখার বিরুদ্ধে ঋণ বিতরণের অনিয়ম বা হয়রানির অভিযোগ পাওয়া গেলে তাৎক্ষণিক তদন্ত করে ব্যবস্থা গ্রহণ করতে হবে।
৬)	শাখার প্রতিবেদনের প্রাপ্ত তথ্য থেকে ছক-৩ ও ৪ মোতাবেক প্রতিবেদন প্রণয়ন করে ১ম কপি স্ব স্ব জেনারেল ম্যানেজার'স অফিসে এবং ২য় কপি পল্লী ঋণ বিভাগ, প্রধান কার্যালয়ে পরবর্তী মাসের ৪ তারিখের প্রেরণ নিশ্চিত করবেন।
৭)	সংশ্লিষ্ট জেলার লীড ব্যাংক জেলার ডেপুটি কমিশনারের নেতৃত্বে গঠিত কৃষি ঋণ কমিটিকে আরও সক্রিয় করার কার্যকর পদক্ষেপ গ্রহণ করবে।

(গ) জেনারেল ম্যানেজার'স অফিস পর্যায়ে মনিটরিং প্ল্যানঃ

১)	১০টি বিভাগীয় জেনারেল ম্যানেজার তাদের আওতাধীন সকল প্রিন্সিপাল অফিস/রিজিওনাল অফিস এবং শাখা সমূহের কৃষি ঋণ বিতরণ ও আদায় কার্যক্রম তদারকি করবেন। কর্মপরিকল্পনায় বর্ণিত কাজ নির্ধারিত সময়ের জন্য সম্পন্ন করার প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করবেন।
২)	জেনারেল ম্যানেজার'স অফিসে গঠিত মনিটরিং ইউনিট তাদের আওতাধীন যে সব অঞ্চলে বিতরণ ও আদায় কম সে সব অঞ্চলে গতি বৃদ্ধির জন্য মাঠ পর্যায়ে পরিদর্শন করবেন। মনিটরিং ইউনিটের findings সমূহ জেনারেল ম্যানেজার বরাবরে পেশ করবেন।
৩)	বিভিন্ন অঞ্চল থেকে প্রাপ্ত শাখাওয়ারী তথ্য এবং মনিটরিং ইউনিটের findings সমূহ পর্যালোচনা করে তাদের আওতাধীন প্রিঃ অফিস/রিজিঃঅফিস/শাখাসমূহকে প্রয়োজনীয় দিক নির্দেশনা প্রদান করবেন।
৪)	কৃষি/পল্লী ঋণ বিতরণ ও আদায় সংক্রান্ত প্রতিবেদন (ছক ৫ ও ৬) মোতাবেক তথ্য মাসিক ভিত্তিতে পরবর্তী মাসের ৫ তারিখের মধ্যে পল্লী ঋণ বিভাগ, প্রধান কার্যালয়ে প্রেরণ করবেন।

(ঘ) পল্লী ঋণ বিভাগ, প্রধান কার্যালয় পর্যায়ে মনিটরিং প্ল্যানঃ

১)	বাংলাদেশ ব্যাংক থেকে প্রাপ্ত নির্দেশনা যথাসময়ে শাখা/অঞ্চলসমূহকে অবহিত করবেন।
২)	কৃষি / পল্লী ঋণ বিতরণ কার্যক্রম মাঠ পর্যায়ে যথাযথভাবে পরিপালন হচ্ছে কিনা তা পরিদর্শনের জন্য ভিজিটর টিম গঠন করবেন।
৩)	কর্মপরিকল্পনা মোতাবেক কৃষি/পল্লী ঋণ বিতরণের কাজসমূহ সম্পন্ন হচ্ছে কি না তা তদারকির লক্ষ্যে ভিজিটর টিম বিভিন্ন অঞ্চল / শাখা সরেজমিনে পরিদর্শন করবেন।
৪)	মনিটরিং ইউনিট সকল অঞ্চল/শাখার কৃষি ঋণ বিতরণ ও আদায় তথ্য যথাসময়ে সংগ্রহ করবেন।
৫)	জেনারেল ম্যানেজার অফিস থেকে প্রাপ্ত অঞ্চলওয়ারী তথ্য পল্লী ঋণ বিভাগ প্রতি মাসের ১০ তারিখের মধ্যে উর্ধ্বতন কর্তৃপক্ষ সমীপে উপস্থাপন করবেন এবং উর্ধ্বতন কর্তৃপক্ষের গৃহীত সিদ্ধান্ত/নির্দেশ মোতাবেক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন।
৬)	কৃষি ঋণের বিশেষ করে শস্য / ফসল ঋণের আবেদন ফরম সহজ করণের বিষয়ে দ্রুত কার্যকর উদ্যোগ গ্রহণ করবে এবং কর্তৃপক্ষের অনুমোদন নিয়ে সংশ্লিষ্ট অঞ্চলে প্রেরণের ব্যবস্থা গ্রহণ করবে।
৭)	মাসিক ভিত্তিতে কৃষি ঋণের বিতরণ অবস্থা বোর্ডকে অবহিত করবেন।

(ঙ) স্টাফ কলেজ/ প্রশিক্ষণ ইনস্টিটিউট পর্যায়ে মনিটরিং প্ল্যানঃ

১)	মাঠ পর্যায়ে কৃষি ঋণ সংশ্লিষ্ট কর্মকর্তা/কর্মচারীদের মাঝে কৃষি /পল্লী ঋণ নীতিমালা বিষয়ক সচেতনতা বৃদ্ধির উদ্দেশ্যে বাংলাদেশ ব্যাংকের সংশ্লিষ্ট বিভাগের সাথে যোগাযোগ করে তাদের সহযোগিতায় পর্যায়ক্রমে প্রশিক্ষণ, কর্মশালার আয়োজনসহ প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করবেন।
----	--

(এ, কে, এম, আব্দুল মতিন) এসিস্ট্যান্ট জেনারেল ম্যানেজার	(শেখ শাহ আলী মোছাদ্দেক) ডেপুটি জেনারেল ম্যানেজার
---	---

২০১৩-২০১৪ অর্থ বছরের মাসের মাঠকর্মীওয়ারী কৃষি/পল্লী ঋণ বিতরণের প্রতিবেদন।

(হাজার টাকার অংকে)

ক্রমিক নং	মাঠকর্মীর নাম	চলতি বছরে কৃষি/পল্লী ঋণ বিতরণের বরাদ্দ			বর্তমান মাসে বিতরণ			চলতি অর্থ বছরে বর্তমান মাস পর্যন্ত বিতরণ		
		পল্লী ঋণ	মাইক্রো ক্রেডিট	মোট	পল্লী ঋণ	মাইক্রো ক্রেডিট	মোট	পল্লী ঋণ	মাইক্রো ক্রেডিট	মোট
১	২	৩	৪	৫(৪+৩)	৬	৭	৮(৬+৭)	৯	১০	১১ (৯+১০)
	মোট									

- শাখার তথ্যের সমান হবে।

ম্যানেজার / এসিস্ট্যান্ট জেনারেল ম্যানেজার

২০১৩-২০১৪ অর্থ বছরের মাসের মাঠকর্মীওয়ারী কৃষি/পল্লী ঋণ বিতরণের প্রতিবেদন।

(হাজার টাকার অংকে)

ক্রমিক নং	মাঠকর্মীর নাম	মাঠকর্মীর জন্য নির্ধারিত এলাকার ৩০-০৬-২০১৩ তারিখে বকেয়া			বর্তমান মাসে আদায় কলাম ৩,৪, ও ৫ এর বিপরীতে			চলতি অর্থ বছরে বর্তমান মাস পর্যন্ত বিতরণ			বর্তমান মাসে বকেয়া		
		পল্লী ঋণ	মাইক্রো ক্রেডিট	মোট	পল্লী ঋণ	মাইক্রো ক্রেডিট	মোট	পল্লী ঋণ	মাইক্রো ক্রেডিট	মোট	পল্লী ঋণ	মাইক্রো ক্রেডিট	মোট
১	২	৩	৪	৫(৪+৩)	৬	৭	৮(৬+৭)	৯	১০	১১ (৯+১০)	১২	১৩	১৪ (১২+১৩)
	মোট												

- শাখার তথ্যের সমান হবে।

ম্যানেজার / এসিস্ট্যান্ট জেনারেল ম্যানেজার

২০১৩-২০১৪ অর্থ বছরের মাসের মাঠকর্মীওয়ারী কৃষি/পল্লী ঋণ বিতরণের প্রতিবেদন।

(হাজার টাকার অংকে)

ক্রমিক নং	মাঠকর্মীর নাম	চলতি বছরে কৃষি/পল্লী ঋণ বিতরণের বরাদ্দ			বর্তমান মাসে বিতরণ			চলতি অর্থ বছরে বর্তমান মাস পর্যন্ত বিতরণ		
		পল্লী ঋণ	মাইক্রো ক্রেডিট	মোট	পল্লী ঋণ	মাইক্রো ক্রেডিট	মোট	পল্লী ঋণ	মাইক্রো ক্রেডিট	মোট
১	২	৩	৪	৫(৪+৩)	৬	৭	৮(৬+৭)	৯	১০	১১ (৯+১০)
	মোট									

- অঞ্চলের তথ্যের সমান হবে।

এসিস্ট্যান্ট জেনারেল ম্যানেজার/ ডেপুটি জেনারেল ম্যানেজার।

২০১৩-২০১৪ অর্থ বছরের মাসের শাখাওয়ারী কৃষি/পল্লী ঋণ বিতরণের প্রতিবেদন।

(হাজার টাকার অংকে)

ক্রমিক নং	শাখার নাম	শাখারতারিখে বকেয়া			বর্তমান মাসে আদায় কলাম ৩,৪, ও ৫ এর বিপরীতে			চলতি অর্থ বছরে বর্তমান মাস পর্যন্ত আদায়			বর্তমান মাসে বকেয়া		
		পল্লী ঋণ	মাইক্রো ক্রেডিট	মোট	পল্লী ঋণ	মাইক্রো ক্রেডিট	মোট	পল্লী ঋণ	মাইক্রো ক্রেডিট	মোট	পল্লী ঋণ	মাইক্রো ক্রেডিট	মোট
১	২	৩	৪	৫(৪+৩)	৬	৭	৮(৬+৭)	৯	১০	১১ (৯+১০)	১২	১৩	১৪ (১২+১৩)
	মোট												

- অঞ্চলের তথ্যের সমান হবে।

এসিস্ট্যান্ট জেনারেল ম্যানেজার / ডেপুটি জেনারেল ম্যানেজার

২০১৩-২০১৪ অর্থ বছরের মাসের প্রিন্সিপাল অফিস/ রিজিওনাল / কর্পোরেট শাখাওয়ারী কৃষি/পল্লী ঋণ বিতরণের প্রতিবেদন।

(লক্ষ টাকার অংকে)

ক্রমিক নং	প্রিন্সিপাল অফিস/রিজিওনাল অফিস/কর্পোরেট শাখাওয়ারী	চলতি বছরে কৃষি/পল্লী ঋণ বিতরণের বরাদ্দ			বর্তমান মাসে বিতরণ			চলতি অর্থ বছরে বর্তমান মাস পর্যন্ত বিতরণ		
		পল্লী ঋণ	মাইক্রো ক্রেডিট	মোট	পল্লী ঋণ	মাইক্রো ক্রেডিট	মোট	পল্লী ঋণ	মাইক্রো ক্রেডিট	মোট
১	২	৩	৪	৫(৪+৩)	৬	৭	৮(৬+৭)	৯	১০	১১ (৯+১০)
	মোট									

- বিভাগীয় তথ্যের সমান হবে।

জেনারেল ম্যানেজার।

২০১৩-২০১৪ অর্থ বছরের মাসের প্রিন্সিপাল অফিস/রিজিওনাল অফিস/ কর্পোরেট শাখাওয়ারী কৃষি/পল্লী ঋণ আদায়ের প্রতিবেদন।

(লক্ষ টাকার অংকে)

ক্রমিক নং	প্রিন্সিপাল অফিস/রিজিওনাল অফিস/কর্পোরেট শাখাওয়ারী	প্রিন্সিপাল অফিস/রিজিওনাল অফিস/কর্পোরেট শাখার তারিখে বকেয়া			বর্তমান মাসে আদায় কলাম ৩,৪, ও ৫ এর বিপরীতে			চলতি অর্থ বছরে বর্তমান মাস পর্যন্ত আদায়			বর্তমান মাসে বকেয়া		
		পল্লী ঋণ	মাইক্রো ক্রেডিট	মোট	পল্লী ঋণ	মাইক্রো ক্রেডিট	মোট	পল্লী ঋণ	মাইক্রো ক্রেডিট	মোট	পল্লী ঋণ	মাইক্রো ক্রেডিট	মোট
১	২	৩	৪	৫(৪+৩)	৬	৭	৮(৬+৭)	৯	১০	১১ (৯+১০)	১২	১৩	১৪ (১২+১৩)
	মোট												

- বিভাগীয় তথ্যের সমান হবে।

জেনারেল ম্যানেজার